

জেনারেল অ্যানেস্থেটিক বা সিডেশন নেওয়া ব্যক্তির যত্ন

আমার আত্মীয় বা বন্ধুকে তাদের চিকিৎসার জন্য সিডেশন (ঘুমের ওষুধ) নেওয়ার পর অথবা জেনারেল অ্যানেস্থেটিক (সাধারণ অবেদনিক) এর প্রক্রিয়া শেষে আমাকে তাদের বাড়ি নিয়ে যেতে বলা হয়েছে।

আমার কী প্রত্যাশা করা উচিত?

সিডেশনের ওষুধ বা অ্যানেস্থেটিক কিছু রোগীদেরকে চিকিৎসার পরে কিছুটা বিভ্রান্ত ও টলায়মান করে তুলতে পারে। এছাড়াও, এটি তাদের সিদ্ধান্তকে প্রভাবিত করতে পারে এবং তারা পরিষ্কার ভাবে চিন্তা অসমর্থ হতে পারেন। এটি ২৪ ঘন্টা পর্যন্ত চলতে পারে, অর্থাৎ পরের দিন পর্যন্ত। দয়া করে এই সময়ে তাদের যত্ন নিন।

আমি কখন আমার বন্ধু বা আত্মীয়কে নিয়ে যেতে পারি?

রোগী সুস্থ হলে এবং আপনি রোগীকে নিয়ে যাওয়ার জন্য উপস্থিত থাকলেই কেবল হাসপাতালের কর্মী রোগীকে বাড়ি যাওয়ার অনুমতি দিবেন। আপনাকে অবশ্যই ১৮ বছরের উর্দে হতে হবে এবং ট্যাক্সি বা গাড়িতে করে তাদেরকে বাসায় নিয়ে যাবেন – গণপরিবহনে না যাওয়াই ভাল।

হাসপাতাল থেকে আপনাকে নির্দিষ্ট সময় বলা সম্ভব হবে না, কারণ কিছু রোগী সিডেশন বা সার্জারি থেকে সুস্থ হতে অন্যদের চেয়ে বেশি সময় নেন।

আমাকে কী করতে হবে তা কি আমাকে বলা হবে?

প্রক্রিয়া শেষে কী করা লাগবে এবং রোগীর অতিরিক্ত কোনও ওষুধ লাগবে কিনা সে সম্পর্কে ডাক্তার আপনাকে লিখিত নির্দেশনা দিবেন।

দয়া করে আপনার আত্মীয় বা বন্ধুর সাথে এই নির্দেশনাগুলো পড়ুন এবং সেগুলো অনুসরণ করা হচ্ছে কিনা নিশ্চিত করুন।

বাসায় পৌঁছানোর পরে চিকিৎসা নিয়ে আপনার বা রোগীর কোনও উদ্বেগ থাকলে যোগাযোগের জন্য হাসপাতাল থেকে একটি ফোন নাম্বার দেয়া হবে।

বাড়িতে আমার বন্ধুর বা আত্মীয়ের কী করা উচিত?

নির্বিঘ্নে সুস্থ হওয়ার জন্য তাদের বিশ্রাম নেওয়া উচিত।

হাঁটতে সমস্যা হলে তাদের উচিত আপনার সাহায্য নেওয়া এবং সম্ভব হলে সিঁড়ি ব্যবহার না করা।

ডাক্তার নির্দেশনা না দিলে তাদের আগের ওষুধ গুলোই চালিয়ে যাওয়া উচিত।

তাদের কী করা উচিত নয়?

অ্যানেস্থেটিকের পরে বা সিডেশনের ওষুধ নেওয়ার পর তারা হয়তো ২৪ ঘন্টা পর্যন্ত ঠিকমতো চিন্তা করতে পারবেন না। এই সময়ে তাদের যা করা উচিত নয়:

- তাদের পরিচর্যায় থাকা মানুষদের বা শিশুদের দায়িত্বে থাকা
- যানবাহন বা সাইকেল চালানো
- রান্না করা বা কোনও যন্ত্রপাতি ব্যবহার
- জরুরী কোনও সিদ্ধান্ত নেওয়া, এমনকি তারা নিজেদের সুস্থ মনে করলেও
- সোশ্যাল মিডিয়া বা সামাজিক যোগাযোগ মাধ্যমে কিছু পোস্ট করা
- অ্যালকোহল পান করা।

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোত্তমভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিত। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিত নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে

(www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্স (Translators without Borders) অনুবাদকরণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

আমরা আপনার মতামত জানতে আগ্রহী

এই লিফলেটটি আরও উন্নত করার জন্য আমরা যেকোনো পরামর্শকে স্বাগত জানাই।

আপনার কোনও মন্তব্য থাকলে অনুগ্রহ করে এই ঠিকানায় ইমেইল করুন:

patientinformation@rcoa.ac.uk

Royal College of Anaesthetists

Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG

020 7092 1500

www.rcoa.ac.uk

প্রথম সংস্করণ ২০১৮

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

© 2018 Royal College of Anaesthetists

রোগীদের তথ্য সরবরাহের উপকরণ প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যাবে। অনুগ্রহ করে প্রকৃত সূত্র উল্লেখ করবেন। আপনি যদি এই লিফলেটটি অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে এবং লোগো, ব্র্যান্ডিং এবং চিত্র অপসারণ করতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।